দৈনিক ইনকিলাব

তারিখ 21 MAR 1998
পৃষ্ঠা 2 কলাম 9

# মাদ্রাসা শিক্ষার গুরুত্ব অনুধাবন করে তা বাস্তবায়নের আহবান

প্রেস বিজ্ঞপ্তি ঃ গত ১৯ মার্চ চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট হলে চট্টগ্রাম জেলা জমিয়াতুল মোদারেছীনের উদ্যোগে প্রখ্যাত আলেম চট্টগ্রাম জেলা জমিয়াতুল মোদারেছীনের সভাপতি চট্টগ্রাম নেছারিয়া কামিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল মরহুম আল্লামা মুফতী মুজাফফর আহমদের স্মরণে জেলা জমিয়তের ভারপ্রাপ্ত সভাপতি মাওলানা জালাল আহমদের সভাপতিত্বে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এবং বিশেষ অতিথি বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব মাওলানা এমএ লতিফ উপস্থিত ছিলেন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক আজাদী পত্রিকার সম্পাদক প্রফেসর এম এ খালেক, কলেজ শিক্ষক সমিতির চট্টগ্রাম জেলার সভাপতি জনাব শামসুদ্দিন, স্থানীয় ওয়ার্ড কমিশনারসহ বিভিন্ন মাদ্রাসার অধ্যক্ষ, সুপার, শিক্ষক, ছাত্র, সাংবাদিক ও সুধীবৃন্দ। অনুষ্ঠানে জেলা জমিয়তের সম্পাদক মাওলানা শামসুল আলম চৌধুরী, যুগ্ম সম্পাদক কাজী আবুল বয়ান হাসেমীসহ প্রমুখ নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি মাওলানা এমএ লতিফ তার বক্তব্যে বলেন, মাদ্রাসা শিক্ষার ঐতিহ্য ও স্বাতন্ত্র্য বজায় রেখে পূর্ণাঙ্গ মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার মধ্যে আল-কুরআন, হাদীস, আরবীর পাশাপাশি বিজ্ঞান ইংরেজী, অংক, ভূগোল, ইতিহাসসম্বলিত পাঠক্রম পাঠ্যসূচী প্রচলিত আছে। এ শিক্ষার বাস্তব গুরুত্ব অনুধাবন করে সার্বিক কল্যাণে তা বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

অনুষ্ঠানে মরহুম মুজাফফর আহমদের স্মরণে তিনি বলেন তার মত একজন সফল শিক্ষক, অধ্যক্ষ, যোগ্য আলেম হারিয়ে সত্যি আমরা অনেকটা অসহায়।

বিশেষ অতিথি বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারী মার্চ দু'মাসের বেতন ঈদের পূর্বে প্রদান ও নতুন জাতীয় বেতন স্কেল শেষ এমপিওতে অন্তর্ভুক্ত করে বকেয়া প্রাপ্যসহ প্রদানের জন্য সরকারের নিকট আহবান জানান।

প্রধান অতিথি মরহুম মুজাফফর আহমদের স্মরণে অনেক স্মরণীয় বিষয় উল্লেখ করেন। তার জীবনের গুণাবলী সকলের জীবনের পাথেও হওয়া উচিত বলে মন্তব্য করেন। মন্ত্রী মাদ্রাসা শিক্ষার প্রতি সরকার খুবই সহানুভূতিশীল এবং এই মর্মে প্রধানমন্ত্রীর নির্দেশও রয়েছে বলে তার বক্তব্যে উল্লেখ করেন।